# SURAH BAQARAH LAST 2 AYAT

آمَنَ الرَّسُولُ بِمَا أُنزِلَ إِلَيْهِ مِن رَّبِّهِ وَالْمُؤْمِنُونَ ۚ كُلٌّ آمَنَ
بِاللَّهِ وَمَلَائِكَتِهِ وَكُتُبِهِ وَرُسُلِهِ لَا نُفَرِّقُ بَيْنَ أَحَدٍ مِّن رُّسُلِهِ ۚ وَقَالُوا
سَمِعْنَا وَأَطَعْنَا ۖ غُفْرَانَكَ رَبَّنَا وَإِلَيْكَ الْمَصِيرُ
لَا يُكَلِّفُ اللَّهُ نَفْسًا إِلَّا وُسْعَهَا ۚ لَهَا مَا كَسَبَتْ وَعَلَيْهَا مَا
اكْتَسَبَتْ ۗ رَبَّنَا لَا تُؤَاخِذْنَا إِن نَّسِينَا أَوْ أَخْطَأْنَا ۚ رَبَّنَا وَلَا تَحْمِلْ
عَلَيْنَا إِصْرًا كَمَا حَمَلْتَهُ عَلَى الَّذِينَ مِن قَبْلِنَا ۚ رَبَّنَا وَلَا تُحَمِّلْنَا مَا
لَا طَاقَةَ لَنَا بِهِ ۖ وَاعْفُ عَنَّا وَاغْفِرْ لَنَا وَارْحَمْنَا ۚ أَنتَ مَوْلَانَا
فَانصُرْنَا عَلَى الْقَوْمِ الْكَافِرِينَ

## BANGLA TRANSLATION:

রাসূল তাঁর প্রতিপালকের পক্ষ থেকে তাঁর উপর যা অবতীর্ণ হয়েছে তাতে ঈমান এনেছেন এবং মুমিনরাও। সবাই আল্লাহ, তাঁর ফেরেশতাগণ, তাঁর কিতাবসমূহ ও তাঁর রাসূলগণের প্রতি ঈমান এনেছে। আমরা তাঁর রাসূলদের মধ্যে কোনো পার্থক্য করি না। আর তারা বলে, "আমরা শুনলাম ও মান্য করলাম। হে আমাদের প্রতিপালক! আমরা তোমার ক্ষমা প্রার্থনা করি, আর তোমার দিকেই "প্রত্যাবর্তন।
আল্লাহ কাউকেই তার সামর্থ্যের অতিরিক্ত দায়িত্ব দেন না। সে যা সৎকর্ম অর্জন করে তা তারই জন্য, আর সে যা মন্দকর্ম করে তার দায়ভারও তারই উপর। "হে আমাদের প্রতিপালক! আমরা যদি ভুলে যাই বা ভুল করি, তবে তুমি আমাদেরকে পাকড়াও করো না। হে আমাদের প্রতিপালক! আমাদের উপর এমন বোঝা চাপিয়ে দিও না, যেমন তুমি আমাদের পূর্ববর্তীদের উপর চাপিয়ে দিয়েছিলে। হে আমাদের প্রতিপালক! আমাদের উপর এমন দায়িত্ব অর্পণ করো না, যা বহন করার শক্তি আমাদের নেই। আর আমাদের ক্ষমা করো, আমাদেরকে ;ক্ষমাপ্রাপ্ত করো এবং আমাদের প্রতি দয়া করো। তুমি আমাদের অভিভাবক "সুতরাং অবিশ্বাসীদের বিরুদ্ধে আমাদের সাহায্য করো।